গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
*পল্লী প্রগতি কর্মসূচি*
পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকা
http://www.pppbd.org

স্মারক নং - ৪৭.৬২.০০০০.৯৩৬.১৮.২৪০.০৪(১)- ৫০৫ তারিখ ঃ ০৭/১১/২০২৪ খ্রি:

## অফিস আদেশ

**বিষয় ঃ নিবিড় মনিটরিং টিম গঠন।**

সরকার প্রতিশ্রুত পল্লী জীবিকা ও জীবনমান উন্নয়নের লক্ষ্যে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন পল্লী প্রগতি কর্মসূচি সূচনা লগ্ন থেকেই অগ্রণী ভূমিকা পালন করে আসছে। দেশের অধিকাংশ জেলা ও উপজেলায় এ কর্মসূচির ঋণ ও জীবিকায়ন কার্যক্রম সফলভাবে বাস্তবায়িত হলেও কিছু কিছু উপজেলায় ঋণ কার্যক্রম স্থবির হয়ে যাওয়ার উপক্রম হয়েছে।

এমতাবস্থায়, দেশের সকল জেলা ও উপজেলায় ঋণ কার্যক্রম সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে কর্মসূচির সদর দপ্তর, জেলা ও উপজেলা পর্যায়ে কর্মকর্তাগণের নিবিড় মনিটরিং কার্যক্রম জোরদার করা অত্যন্ত আবশ্যক। এ প্রেক্ষিতে পল্লী প্রগতি কর্মসূচির সদর দপ্তর পর্যায়ে নিম্নবর্ণিতভাবে নিবিড় মনিটরিং টিম গঠন করা হলো ঃ

| ক্র: নং | নাম, পদবী, মোবাইল ও ই-মেইল | দায়িত্বপ্রাপ্ত | |
|---|---|---|---|
| | | বিভাগ | জেলা |
| ১ | জনাব শামীম মোহাম্মদ কামরুল আহসান<br>প্রোগ্রামার<br>০১৭১৫৭৫৯৬১৬<br>shamim_spider@yahoo.com | বরিশাল | বরগুনা, পটুয়াখালী, ভোলা,বরিশাল,ঝালকাঠি ও পিরোজপুর। |
| | | চট্টগ্রাম | কুমিল্লা, বি-বাড়িয়া, চাঁদপুর, চট্টগ্রাম, কক্সবাজার, রাঙ্গামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি, নোয়াখালী, লক্ষীপুর, ও ফেনী। |
| ২ | জনাব মোঃ জিল্লুর রহমান,<br>সহকারী পরিচালক (মনিটরিং)<br>০১৭১২৮৪৭৫৩১<br>zillurzaim@gmail.com | রংপুর | পঞ্চগড়, ঠাকুরগাঁও, দিনাজপুর, নীলফামারী, লালমনিরহাট, কুড়িগ্রাম, রংপুর ও গাইবান্ধা। |
| | | রাজশাহী | রাজশাহী, নাটোর, নওগাঁ, চাঁপাইনবাবগঞ্জ, বগুড়া, পাবনা, সিরাজগঞ্জ ও জয়পুরহাট। |
| | | ঢাকা | ঢাকা, ফরিদপুর, গাজীপুর, মুন্সিগঞ্জ, টাঙ্গাইল, মাদারীপুর, মানিকগঞ্জ, নরসিংদী, কিশোরগঞ্জ, রাজবাড়ী, শরিয়তপুর, গোপালগঞ্জ ও নারায়ণগঞ্জ। |
| ৩ | জনাব মোহাম্মদ বদরুল আলম খান,<br>সহকারী পরিচালক (অর্থ ও বাজেট)<br>০১৯৫৮১৯৯০০২<br>bak590@yahoo.com | খুলনা | কুষ্টিয়া, চুয়াডাঙ্গা, মেহেরপুর, যশোর, নড়াইল, ঝিনাইদহ, মাগুরা, সাতক্ষীরা, খুলনা ও বাগেরহাট। |
| | | ময়মনসিংহ | জামালপুর, শেরপুর, ময়মনসিংহ ও নেত্রকোনা। |
| ৪ | জনাব মুহম্মদ আশরাফুল আলম,<br>প্রশাসনিক কর্মকর্তা<br>০১৭১৬২২০৬০৭<br>beautyashraf@gmail.com | সিলেট | সুনামগঞ্জ, সিলেট, মৌলভীবাজার ও হবিগঞ্জ। |

**মনিটরিং এর বিষয়বস্তু ঃ**

ক) মাঠ পর্যায়ে কর্মসূচির গ্রাম সংগঠকদের নিয়মিত উপস্থিতি, অবস্থান, কিস্তি আদায়, ব্যাংকে জমাকরণ, ডব্লিউসিএস জমা প্রদান, দল পর্যায়ে পাশবহি ও খাতাপত্র লিখন ইত্যাদি নিশ্চিতকরণে মাঠ পর্যায় নিবিড় যোগাযোগ।

খ) কর্মসূচির ঋণ বিতরণ এবং খেলাপী ঋণ আদায় জোরদারকরণ।

গ) উপজেলা ও জেলা থেকে বিভিন্ন প্রতিবেদন নিয়মিতভাবে সদর কার্যালয়ে প্রেরণ নিশ্চিতকরণ।

ঘ) সদস্য ও দলওয়ারি ডিটেইল লিষ্ট প্রস্তুত নিশ্চিতকরণ।

ঘ) কর্মসূচির অর্জিত সেবামূল্যের ০.১০ টাকা সদর দপ্তরের অংশ প্রেরণ নিশ্চিতকরণ।

ঘ) ঋণ গ্রহণ করে স্বাবলম্বী হয়েছেন এমন সুফলভোগীর তালিকা তৈরী, সফলতার কাহিনী, ছবি ও ভিডিও ক্লিপ সংগ্রহ।

ঙ) উপজেলা কর্মসূচি বাস্তবায়ন কমিটির সভা অনুষ্ঠান নিশ্চিতকরণ।

চ) আত্মসাত ও হস্তমজুদ, অব্যয়িত তহবিল ফেরত ও ব্যাংক স্থিতির অর্থের সঠিক ব্যবহার নিশ্চিতকরণ।

ছ) দ্রুত মনিটরিং এর সুবিধার্থে উপপরিচালক, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা এবং গ্রাম সংগঠকদের ব্যক্তিগত মোবাইল নাম্বার সংগ্রহ।

জ) প্রত্যাহারকৃত উপজেলার ঋণ আদায় কার্যক্রমের তথ্য সংগ্রহ।

ঞ) দায়িত্ব প্রাপ্ত এলাকায় জীবিকায়ন পল্লী গঠনের সম্ভাব্যতা যাচাই ও উদ্যোক্তা সৃষ্টির বিষয়ে তথ্য সংগ্রহ।

**মনিটরিং কর্মকর্তাগণের কার্যপরিধি ঃ**

১। দায়িত্বপ্রাপ্ত জেলা ও উপজেলার কর্মকর্তাগণের সাথে টেলিফোনে যোগাযোগ করে কর্মসূচির কার্যক্রম মনিটরিং করবেন;

২। জরুরী বিষয়ে তাৎক্ষণিকভাবে এবং সাধারণ মনিটরিং সংক্রান্ত সারসংক্ষেপ সাপ্তাহিক ভিত্তিতে কর্মসূচি পরিচালক এর নিকট উপস্থাপন করবেন;

৩। উপজেলার ষ্টাফ মিটিং এর সঙ্গে সমন্বয় করে কথা বলবে;

৪। মনিটরিং-এ চিহ্নিত সমস্যা ও সম্ভাব্য করণীয় মাসিক পর্যালোচনা সভায় কর্মসূচি পরিচালক এর নিকট উপস্থাপন করবেন;

৫। মনিটরিংয়ের কার্যক্রমের অংশ হিসেবে মাঠ ভ্রমনের প্রয়োজন হলে কর্মসূচি পরিচালকের সাথে আলোচনা পূর্বক ব্যবস্থা গ্রহণ করবেন।

কর্মসূচির বৃহত্তর স্বার্থে এ আদেশ জারী করা হলো এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।

০৭/১১/২০২৪
মিজানুর রহমান
কর্মসূচি পরিচালক
✆: ০১৭১২-৮৮৬৯৪৯

স্মারক নং - ৪৭.৬২.০০০০.৯৩৬.১৮.২৪০.০৪(১)- ৫০৫ তারিখ ঃ ০৭/১১/২০২৪ খ্রিঃ

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্য্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) ঃ**

১। উপপরিচালক, বিআরডিবি, ....................................... জেলা (সকল) ।
(স্থানীয়ভাবে নিবিড় তদারকি জোরদারকরণ এবং সদর দপ্তরের মনিটরিং টিমকে সহায়তার অনুরোধসহ)।
২। উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। প্রোগ্রামার, পল্লী প্রগতি কর্মসূচি, বিআরডিবি, ঢাকা(পত্রটি কর্মসূচির ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। সহকারী পরিচালক (মনিটরিং/অর্থ)/প্রশাসনিক কর্মকর্তা, পল্লী প্রগতি কর্মসূচি, বিআরডিবি, ঢাকা।
৫। মহাপরিচালকের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ............... উপজেলা, ............. জেলা (সদর দপ্তরের মনিটরিং টিমকে সহায়তার অনুরোধসহ)।
৭। পরিচালক (সরেজমিন) এর একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা (পরিচালক সরেজমিন মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮। অফিস কপি।

০৭/১১/২০২৪
মিজানুর রহমান
কর্মসূচি পরিচালক